# ধর্মীয় নেতাদের মাধ্যমে ডায়াবেটিস ও অন্যান্য অসংক্রামক রোগ প্রতিরোধ

**যারা এই সমীক্ষায় অংশগ্রহণ করতে পারবে**

১. ২৫ বছর ও উর্দ্ধ বয়সী নারী ও পুরুষ

২. এলাকার স্থায়ী অধিবাসী

ডায়াবেটিস, গর্ভবতী নারী এবং এই মূহূর্তে জটিল কোন শারীরিক রোগে আক্রান্ত ব্যক্তিরা এই সমীক্ষায় অংশ নিতে পারবেন না ।

**গবেষণার স্থানে যা যা করা হবে**

১. মাঠকর্মীদের মাধ্যমে পূর্ব থেকেই অংশগ্রহণকারীদের যাদের বয়স ২৫ বছর ও তার বেশী তাদের বাছাই করা হবে এবং যথাযথ সময়ে অংশগ্রহণকারীরা উপস্থিত থাকবেন।

২. ট্যাবের মাধ্যমে অংশগ্রহণকারীদের ডায়াবেটিস-এর রিস্ক স্কোর / ঝুঁকি নির্ণয় ও র‍্যান্ডম ব্লাড সুগার পরীক্ষা করা হবে

৩. যাদের রিস্ক স্কোর ≥ ৯ এবং র‍্যান্ডম ব্লাড সুগার ১০ মিলিমোল/লি. তাদের পরদিন সকালবেলা খালিপেটে ব্লাডসুগার (খালিপেটে ও গ্লুকোজ খাওয়ার ২ ঘন্টা পর) পরীক্ষা করার জন্য যথা সময়ে উপস্থিত থাকতে হবে

৪. যাদের প্রি-ডায়াবেটিস সনাক্ত হয়েছে শুধুমাত্র তারাই এই বৈজ্ঞানিক সমীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং তাদেরকে ১ বছর ধরে পর্যবেক্ষণে রাখা হবে

৫. অংশগ্রহণকারীদের বিনামূল্যে এইচবিএ১সি, রক্তের চর্বি, ইসিজি ও চোখ পরীক্ষা করা হবে। বছরে মোট ৩ বার রক্ত পরীক্ষা করা হবে

৬. শিরার পরিবর্তে আঙ্গুলের মাথা থেকে ২ ফোঁটা রক্ত নেয়া হবে।

৭. রক্তচাপ, ওজন, উচ্চতা, কোমর ও নিতম্বের মাপ নেয়া হবে।

৮. স্বাস্থ্য সম্পর্কিত প্রশ্ন করা হবে এবং উত্তরপত্র পূরণ করা হবে।

৯. নিম্নেব উল্লেখিত নিয়মগুলো যথাযথভাবে পালন করতে হবে।

* সকালে রক্ত পরীক্ষার জন্য খালি পেটে (কমপক্ষে ৮-১২ ঘন্টা না খেয়ে) আসতে হবে।
* নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকতে হবে।
* বর্তমানে কোন ধরনের ওষুধ গ্রহণ করলে বা কোন ডাক্তারের প্রেসক্রিপশন থাকলে তা সাথে নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো।

ননকমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম, স্বাস্থ্য অধিদপ্তর ও বাংলাদেশ ডায়াবেটিক সমিতির যৌথ সমীক্ষা